



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Phone: 031-61332, Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ১৩ এপ্রিল, ২০০৯

প্রেস বিজ্ঞপ্তি

## খাগড়াছড়ি পৌর কমিশনারকে মারধরের নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর সভাপতি প্রসিত খীসা আজ, ১৩ এপ্রিল, ২০০৯ এক বিবৃতিতে কতিপয় সেনা সদস্য কর্তৃক খাগড়াছড়ি পৌর কমিশনার মনাং দেওয়ানকে মারধরের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

জড়িত সেনা সদস্যদের বিরুদ্ধে আইনানুগ শাস্তি দাবি করে তিনি বলেন, কোন নির্বাচিত জনপ্রতিনিধিকে বিনা কারণে নির্যাতন সভ্য সমাজে নজীরবিহীন; কিন্তু এ ধরনের জঘন্য মানবাধিকার লঙ্ঘন পার্বত্য চট্টগ্রামে অবাধে ও অহরত ঘটে থাকে, যার কোন প্রতিকার পাওয়া যায় না।

ঘটনার উল্লেখ করে তিনি বলেন, বেবী চাকমা নামে দিঘীনালায় এক মেয়েকে কতিপয় দুর্বৃত্ত অপহরণ করে নিয়ে যাওয়ার খবর ছড়িয়ে পড়লে মনাং দেওয়ান, চঞ্চুমানি চাকমা ও মেয়েটির মা সহ বেশ কয়েকজন খাগড়াছড়ির জিরো মাইলে সেনা চেকপোস্টে খোঁজ নিতে যান। তারা সেখানে সেনা সদস্যদের কাছে এ বিষয়ে জানতে চাইলে তারা ক্ষিপ্ত হয়, মেয়েটিকে তার মার কাছে তুলে দিতে আপত্তি জানায় এবং এক পর্যায়ে মনাং দেওয়ানের ওপর অমানুষিক শারীরিক নির্যাতন চালায়। শুধু তাই নয়, সেনা সদস্যরা বৈসাবি উৎসবে “দেবেদা পুকুর” নামক স্থানে বেড়াতে যাওয়া লোকজনকেও মারধর করে।

প্রসিত খীসা বলেন যতদিন সেনাবাহিনী পার্বত্য চট্টগ্রামে থাকবে ততদিন সেখানে শান্তি প্রতিষ্ঠিত হওয়ার কোন সম্ভাবনা নেই। তিনি জিরো মাইলে চেকের নামে জনসাধারণকে হয়রানি বন্ধ করে সেখান থেকে সেনা চেকপোস্ট তুলে নেয়ারও দাবি জানান।

বার্তা প্রেরক

থুইক্যাচিং মারমা

কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ